

- **ভবিষ্যৎ পরিকল্পনা:**

ফাউন্ডেশনের সুফলভোগীদের সচেতনতা বৃদ্ধির নিমিত্ত আগামী ৩ বছরে ৩৬ হাজার সুফলভোগীকে আয়বর্ধনমূলক ও উদ্ধৃদ্ধকরণ প্রশিক্ষণ প্রদান করা হবে। ফাউন্ডেশনের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে "রূপকল্প-২০৪১: দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র সঞ্চয় যোজন" শীর্ষক একটি প্রকল্প জুলাই, ২০২২-জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়ন কার্যক্রম শুরু হয়েছে। "দারিদ্র্য বিমোচনে ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ) কার্যক্রম সম্প্রসারণ (২য় পর্যায়) শীর্ষক আরও ১টি প্রকল্প জুলাই, ২০২২-জুন ২০২৫ মেয়াদে বাস্তবায়নের জন্য ২০২২-২৩ অর্থবছরের এডিপিতে সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে। তাছাড়া ফাউন্ডেশনের সুফলভোগী ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের আর্থিক ও প্রযুক্তিগত উন্নয়ন, উৎপাদন বৃদ্ধি, কর্মসংস্থান সৃষ্টি, পুষ্টিকর খাদ্য ভ্যালু চেইন ইত্যাদি কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে আন্তর্জাতিক সংস্থা Global Alliance for Improved Nutrition (GAIN) ও এসএফডিএফ এর মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। যার মাধ্যমে Asian Infrastructure Investment Bank (AIIB) হতে অনুদান ও ঋণ তহবিল প্রাপ্তির লক্ষ্যে একটি Detail Project Concept Paper (DPCP) ERD তে প্রেরণ করা হয়েছে।